



নম্বর: ৫৩.০৯.০০০০.৮০৮.২৩.০০২.২১.৯১৮৩

তারিখ: অক্টোবর ০৬, ২০২১

সর্বস্তরের কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ, বেসিক ব্যাংক লিমিটেড।

বিষয়: ‘শেখ রাসেল দিবস’ উপলক্ষ্যে বেসিক ব্যাংক লিমিটেড কর্তৃক গৃহীত কর্মসূচী প্রসঙ্গে।

আপনাদের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের কনিষ্ঠ পুত্র শহীদ শেখ রাসেল-এর ৫৮তম জন্মদিন, ১৮ অক্টোবর ২০২১ তারিখে ‘শেখ রাসেল দিবস’ পালন উপলক্ষ্যে বেসিক ব্যাংক লিমিটেড কর্তৃক নিম্নে উল্লিখিত কর্মসূচী গৃহীত হয়েছে:

ক্রম	গৃহীত কর্মসূচীর বিবরণ	কর্মসূচী বাস্তবায়নের তারিখ ও সময়	কর্মসূচী বাস্তবায়নের স্থান/মাধ্যম
১	ব্যাংকের প্রধান কার্যালয়ে স্থাপিত এলইডি ডিসপ্লে বোর্ডে নিম্নোক্ত বার্তা প্রচার: বার্তা ১: ‘শহীদ শেখ রাসেলের ৫৮তম জন্মদিন উপলক্ষ্যে শুভেচ্ছা’ বার্তা ২: ‘শেখ রাসেল: দীপ্ত জয়োল্লাস, অদম্য আত্মবিশ্বাস’ বার্তা ৩: ‘দুরন্ত, প্রাণবন্ত শেখ রাসেল: মেধা ও মননের অপূর্ব সমাহার’	১৮ অক্টোবর ২০২১	প্রধান কার্যালয়
২	ব্যাংকের পরিচালনা পর্ষদের সকল সদস্য এবং উর্ধ্বতন নির্বাহীদের উপস্থিতিতে শহীদ শেখ রাসেলের ৫৮তম জন্মদিন উপলক্ষ্যে কেক কাটা	১৮ অক্টোবর ২০২১ বিকাল ৩.০০ ঘটিকা	পর্ষদ সভাকক্ষ প্রধান কার্যালয়
৩	ব্যাংকের পরিচালনা পর্ষদের সকল সদস্য, প্রধান কার্যালয়ের কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ এবং বিভিন্ন সংগঠনের উপস্থিতিতে ‘দুরন্ত, প্রাণবন্ত শেখ রাসেল: মেধা ও মননের অপূর্ব সমাহার’ শীর্ষক আলোচনা সভা	১৮ অক্টোবর ২০২১ বিকাল ৩.১৫ ঘটিকা	পর্ষদ সভাকক্ষ, সপ্তম তলার সভাকক্ষ ও জুম প্ল্যাটফর্ম
৪	ব্যাংকের পরিচালনা পর্ষদের সকল সদস্য, প্রধান কার্যালয়ের কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ এবং বিভিন্ন সংগঠনের উপস্থিতিতে দোয়া মাহফিল	১৮ অক্টোবর ২০২১ বিকাল ৫.৩০ ঘটিকা	সপ্তম তলার সভাকক্ষ ও জুম প্ল্যাটফর্ম
৫	ব্যাংকের সকল শাখায় দোয়া মাহফিল ও আলোচনা সভা	১৮ অক্টোবর ২০২১ বিকাল ৫.৩০ ঘটিকা	সকল শাখা
৬	ব্যাংকের প্রধান কার্যালয়, রাজশাহী শাখা ও ফেনী শাখার ব্যবস্থাপনায় নিম্নোল্লিখিত দুইটি মাদ্রাসায় খাদ্য সামগ্রী বিতরণ: ১. মুকিমপুর সিদ্দিকিয়া দারুল উলুম হাফেজিয়া মাদ্রাসা, এতিমখানা ও লিল্লাহ বোর্ডিং, নওগাঁ, এবং ২. দারুল উলুম রহমানিয়া মাদ্রাসা ও এতিমখানা, সোনাগাজী, ফেনী খাদ্য সামগ্রী বিতরণ	১৭ অক্টোবর ২০২১ বিকাল ৫.০০ ঘটিকা	মাদ্রাসা প্রাঙ্গণ
৭	ব্যাংকের সর্বস্তরের কর্মকর্তা ও কর্মচারীবৃন্দের ৮ থেকে ১৮ বছর বয়সী সন্তানদের অংশগ্রহণে ‘কিশোর শহীদ শেখ রাসেল’ বিষয়ে রচনা প্রতিযোগিতা	১৪ অক্টোবর ২০২১	জুম প্ল্যাটফর্ম
৮	ব্যাংকের সর্বস্তরের কর্মকর্তা ও কর্মচারীবৃন্দের ৮ থেকে ১৮ বছর বয়সী সন্তানদের জাতীয়ভাবে আয়োজিত (quiz.sheikhrussel.gov.bd) কুইজ প্রতিযোগিতায় অংশগ্রহণে উদ্বুদ্ধকরণ	নিবন্ধনের সময় ১১ অক্টোবর ২০২১ পর্যন্ত	প্রধান কার্যালয় ও সকল শাখা
৯	গৃহীত কর্মসূচীসমূহ এবং সকল কর্মসূচীর বাস্তবায়ন প্রতিবেদন ব্যাংকের ওয়েবসাইটে প্রদর্শন	কর্মসূচী বাস্তবায়নের অব্যবহিত পর	ব্যাংকের ওয়েবসাইট

৪০

পৃষ্ঠা ২ দ্রষ্টব্য

“শুদ্ধাচার ও শিষ্টাচার, সভ্য জাতির অহংকার”



BASIC Bank Limited

(Bangladesh Small Industries and Commerce Bank Limited)

Head Office, Dhaka

বেসিক ব্যাংক লিমিটেড

(বাংলাদেশ স্মল ইন্ডাস্ট্রিজ এন্ড কমার্স ব্যাংক লিমিটেড)



বিষয়: 'শেখ রাসেল দিবস' উপলক্ষ্যে বেসিক ব্যাংক লিমিটেড কর্তৃক গৃহীত কর্মসূচী প্রসঙ্গে।

বৈশ্বিক মহামারী করোনা ভাইরাস (কোভিড-১৯) এর কারণে নির্দিষ্ট শারীরিক দূরত্ব নিশ্চিতপূর্বক যথাযথ স্বাস্থ্যবিধি অনুসরণ করে গৃহীত সকল কর্মসূচীর সফল বাস্তবায়ন করতে ব্যাংকের সর্বস্তরের কর্মকর্তা ও কর্মচারীবৃন্দকে স্বতঃস্ফূর্ত অংশগ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

-স্বা-

এ. এস. এম. রওশানুল হক

মহাব্যবস্থাপক

ব্র্যান্ডিং এন্ড কর্পোরেট কমিউনিকেশন ডিভিশন

অবগতি ও প্রয়োজনীয় প্রয়োজ্য ক্ষেত্রে ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। একান্ত সচিব, চেয়ারম্যান, পরিচালনা পর্ষদ, বেসিক ব্যাংক লিমিটেড।
- ২। একান্ত সচিব, ব্যবস্থাপনা পরিচালক এবং সিইও, বেসিক ব্যাংক লিমিটেড।
- ৩। সকল মহাব্যবস্থাপক, বেসিক ব্যাংক লিমিটেড।
- ৪। উপ মহাব্যবস্থাপক, সাধারণ সেবা বিভাগ (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ৫। সকল বিভাগীয় প্রধান, বেসিক ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয় (অধীনস্থ সকলকে অবহিত করার অনুরোধসহ)।
- ৬। অধ্যক্ষ, বেসিক ব্যাংক ট্রেনিং ইনস্টিটিউট (অধীনস্থ সকলকে অবহিত করার অনুরোধসহ)।
- ৭। উপ মহাব্যবস্থাপক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (অধীনস্থ সকলকে অবহিত ও ব্যাংকের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৮। সকল শাখা ব্যবস্থাপক, বেসিক ব্যাংক লিমিটেড (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং অধীনস্থ সকলকে অবহিত করার অনুরোধসহ)।
- ৯। সভাপতি, বঙ্গবন্ধু পরিষদ, বেসিক ব্যাংক লিমিটেড (আলোচনা সভা ও দোয়া মাহফিলে অংশগ্রহণের অনুরোধসহ)।
- ১০। সভাপতি, বঙ্গমাতা পরিষদ, বেসিক ব্যাংক লিমিটেড (আলোচনা সভা ও দোয়া মাহফিলে অংশগ্রহণের অনুরোধসহ)।
- ১১। সভাপতি, স্বাধীনতা ব্যাংকার্স পরিষদ, বেসিক ব্যাংক লিমিটেড (আলোচনা সভা ও দোয়া মাহফিলে অংশগ্রহণের অনুরোধসহ)।
- ১২। সভাপতি, বেসিক ব্যাংক কর্মচারী ইউনিয়ন, রেজিঃ নং-বি-২১৬৭, বেসিক ব্যাংক লিমিটেড (আলোচনা সভা ও দোয়া মাহফিলে অংশগ্রহণের অনুরোধসহ)।
- ১৩। সভাপতি, বেসিক ব্যাংক কর্মচারী এসোসিয়েশন, রেজিঃ নং-বি-২১৭৮, বেসিক ব্যাংক লিমিটেড (আলোচনা সভা ও দোয়া মাহফিলে অংশগ্রহণের অনুরোধসহ)।



মহাব্যবস্থাপক

“শুদ্ধাচার ও শিষ্টাচার, সভ্য জাতির অহংকার”